প্রথম আলো

তারিখ ... 17 SEP 2012 ...
পৃষ্ঠা ২৮ কলাম ২

# উচ্চশিক্ষা কমিশন গঠনের পরিকল্পনা সরকারের রয়েছে

নিজস্ব প্রতিবেদক ●

সংসদে প্রশ্নোত্তর

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন, নিয়ন্ত্রণ ও সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে উচ্চশিক্ষা কমিশন গঠনের পরিকল্পনা বর্তমান সরকারের রয়েছে। জাতীয় সংসদে গতকাল রোববার প্রশ্নোত্তর পর্বে আওয়ামী লীগের মো. ইসরাফিল আলমের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

বিকেল পাঁচটার দিকে ডেপুটি স্পিকার শওকত আলীর সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়। দিনের কার্যসূচির শুরুতে প্রশ্নোত্তর পর্ব টেবিলে উত্থাপিত হয়।

শিক্ষামন্ত্রী জানান, কমিশন গঠনের লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন একটি প্রস্তাব প্রধানমন্ত্রীর কাছে পেশ করেছে। প্রস্তাবটি প্রধানমন্ত্রীর সক্রিয় বিবেচনায় আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তরিত করলে খুব বেশি অতিরিক্ত টাকার প্রয়োজন হবে না। মঞ্জুরি কমিশনের জন্য ২০১২-১৩ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত ১০ লাখ ৯২ হাজার ২০০ টাকা প্রয়োজন হবে। কমিশনের এই অর্থবছরে নিজস্ব বাজেটে উদ্বৃত্ত আছে নয় লাখ ৮৩ হাজার টাকা। অর্থাৎ এই মুহূর্তে উচ্চশিক্ষা কমিশন প্রতিষ্ঠা করা হলে সরকারকে অতিরিক্ত বরাদ্দ দিতে হবে মাত্র এক লাখ নয় হাজার ২০০ টাকা।

**শোক প্রস্তাব গৃহীত:** সরকারদলীয় সাংসদ মতিউর রহমানের মৃত্যুতে গতকাল সংসদে শোক প্রস্তাব গৃহীত হয়। এরপর সাংসদেরা এক মিনিট নীরবতা পালন করেন।

শোক প্রস্তাবের ওপর আলোচনায় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেন, মতিউর রহমান সেবা দিয়ে মানুষের হৃদয় জয় করেছেন। তাঁর মৃত্যুতে দেশ ও দলের অনেক বড় ক্ষতি হয়েছে।

প্রথা অনুযায়ী, কোনো সাংসদের মৃত্যুতে সংসদের কার্যক্রম ওই দিনের মতো মুলতবি করা হয়। সে অনুযায়ী গতকাল দিনের কার্যসূচি মুলতবি করা হয়। সংসদের অধিবেশন আজ সোমবার বিকেল পাঁচটায় বসবে।